



বাংলাদেশ কৃষি ব্যাংক
ঋণ আদায় বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.krishibank.org.bd



টেলিফোন : ০২-৯৫৬৩১৬৫, email: dgmpmd@krishibank.org.bd

নং প্রকা/ঋণ আদায় - ৮ (৫৯)/২০২০-২০২১/১১৬৮(১২৫০)

তারিখ : ১৪.০২.২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : কৃষি, শস্য, ক্ষুদ্র ও ভূমিহীন প্রান্তিক চাষি ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮ তারিখ ০৬.০৮.২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কৃষি নির্ভর বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের কারণে বিভিন্ন সময়ে কৃষকদের ফসলহানিসহ নানাবিধ প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠার জন্য অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে ঋণের সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনা জারী করা হয়েছে। উক্ত নীতিমালায় (ক) ও (খ) অনুচ্ছেদে অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারীকৃত সুদ মওকুফের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা উল্লেখ করা হয়েছে :

- (ক) অর্থ মন্ত্রণালয়, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত ২৯-০৬-২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/২০০১-২০০৭ নং পত্রের মাধ্যমে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছে :
- (১) আরোপিত সুদ মওকুফের ক্ষেত্রে Cost of fund recovery নিশ্চিত করে এবং ব্যাংকের Income account debit না করেই তা বিবেচনা করতে হবে;
- (২) সকল দায় দেনা পরিশোধ করে ব্যাংকের ঋণ হিসাব অবসায়ন (Close) করার ক্ষেত্রে প্রতিটি কেইস মেরিট ভিত্তিতে ব্যাংক/পর্ষদ বিবেচনা করবে, তবে Cost of fund recovery নিশ্চিত করেই সুদ মওকুফের সুবিধা দিতে হবে;
- (৩) অনারোপিত সুদ মওকুফের ক্ষেত্রে ব্যাংক/পর্ষদ প্রতিটি কেইসের যথার্থতা (Merit) বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (খ) অর্থ মন্ত্রণালয়, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ থেকে জারীকৃত ১৩-১১-২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/ শাখা-১/ বিবিধ- ১০/ ২০০১ - ৩৬২নং পত্রের মাধ্যমে প্রদানকৃত সিদ্ধান্ত অনুযায়ী
“কেবলমাত্র ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা বা তার চেয়ে কম ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাংগন বা এ ধরনের দুর্দশার কারণে প্রতিটি কেইসের যথার্থতা (Merit) বিবেচনা করে ব্যাংক/পর্ষদ এ নীতিমালার শর্তাবলী শিথিল করার বিষয়ে বিবেচনা করতে পারে।

০৩। উপরোক্ত সার্কুলারের আলোকে মাঠ কার্যালয় হতে কৃষি, শস্য, ক্ষুদ্র ও ভূমিহীন প্রান্তিক চাষীদেরকে প্রদত্ত ঋণ এবং বিভিন্ন এনজিও দের মাধ্যমে বিতরণকৃত দীর্ঘ দিনের আটকেপড়া মন্দমানে শ্রেণিকৃত ঋণ আদায়ের স্বার্থে শুধুমাত্র আসল টাকা আদায় করে প্রায় প্রতিটি ঋণ হিসাবের বিপরীতে আয় খাতে স্থানান্তরিত সুদ ডেবিট করে সুদ মওকুফের সুপারিশসহ প্রস্তাব প্রধান কার্যালয়ের বিবেচনার জন্য প্রেরণ করা হয়ে থাকে। এক্ষেত্রে আয় খাতে স্থানান্তরিত সুদ ডেবিট করতে হলে সার্কুলারের যে সকল শর্ত পরিপালন করার প্রয়োজন হয়, তা না মেনেই প্রস্তাবে ১০০% আয় খাত ডেবিট করার সুপারিশ করা হয়। উক্ত সার্কুলারের (খ) অনুচ্ছেদে বর্ণিত প্রতিটি কেইসের যথার্থতা (Merit) বিবেচনা করে আয় খাত ডেবিট করার কথা উল্লেখ থাকলেও, অধিকাংশ সময় তা মানা হয় না। শুধুমাত্র ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাংগনের কারণে ক্ষতিগ্রস্থদের বেলায় আয় খাত ডেবিটের শর্ত থাকলেও তা অনুসরণ না করে আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি প্রাধান্য দিয়ে প্রায় সকল কৃষি, শস্য, ক্ষুদ্র ও ভূমিহীন প্রান্তিক চাষীদের প্রদত্ত ঋণের আয় খাত ১০০% ডেবিট করে মওকুফ প্রস্তাব প্রেরণ করা হয়, যা কোন ভাবেই সমীচীন নয়।

পরবর্তী পাতা -০২



বাংলাদেশ কৃষি ব্যাংক
ঋণ আদায় বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.krishibank.org.bd



-০২-

০৪। এ সকল ঋণ কেসের যথার্থতা (Merit) বিবেচনা না করে সুদ মওকুফ প্রস্তাব ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বরাবরে পেশ করা হলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গভীর অসন্তোষ প্রকাশ করেন। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে করেন যে, শুধুমাত্র আসল টাকা আদায় করে প্রতিটি কেসের যথার্থতা (Merit) পৃথকভাবে বিবেচনা না করে সকল ঋণের ১০০% আয় খাত ডেবিট করে সুদ মওকুফ করা ব্যাংকের জন্য আর্থিকভাবে চরম ক্ষতিকর।

০৫। এমতাবস্থায়, কৃষি, শস্য, ক্ষুদ্র ও ভূমিহীন প্রান্তিক চাষীদেরকে প্রদত্ত ঋণ এবং বিভিন্ন এনজিওদের মাধ্যমে বিতরণকৃত দীর্ঘ দিনের অটকেপড়া মন্দ মানে শ্রেণিকৃত ঋণসহ অন্যান্য সকল ঋণের ঋণ গ্রহীতাদের বর্তমান আর্থিক অবস্থা সরেজমিনে তদন্ত করে প্রতিটি কেসের যথার্থতা (Merit) পৃথকভাবে বিবেচনা করে সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(মোঃ আজিজুল বারী)

মহাব্যবস্থাপক(ঋণ আদায় মহাবিভাগ)

অতিরিক্ত দায়িত্বে

নং প্রকা/ঋণ আদায় - ৮ (৫৯)/২০২০-২০২১/১১৬৮(১২৫০)

তারিখ : ১৪.০২.২০২১ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ০৫। নথি/মহানথি।

(নুরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)